

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ০২-২২৮৪৬৩২

www.wpbd71.org ই-মেইল : wpartymail@gmail.com

২৩ সেপ্টেম্বর, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সঞ্চয়পত্রের মুনাফার হার কমালে মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও স্বল্প আয়ের মানুষ আয়সংকটে পড়বে,

সাংবাদিক নেতাদের ব্যাংক হিসাব তলব নজিরবিহীন ও অনাকাঙ্ক্ষিত

-----ওয়ার্কার্স পার্টি

“সঞ্চয়পত্রের মুনাফার হার কমিয়ে মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও স্বল্প আয়ের মানুষ বিশেষ করে অবসরভোগী সাধারণ মানুষের আয় কমানোর সরকারি সিদ্ধান্ত তাদের দৈনন্দিন ব্যয় নির্বাহে সংকট তৈরী করবে এবং সমাজে এর নেতৃত্বাচক প্রতিক্রিয়া হবে।” আজ কমরেড রাশেদ খান মেননের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির পলিটব্যুরোর ভার্চুয়াল সভায় এই প্রস্তাব তুলে ধরা হয়। সভার প্রস্তাবে বলা হয়, এর আগে সঞ্চয়পত্রের উৎসে কর বৃদ্ধি করেছে সরকার। এখন আবার সাধারণ মানুষের সঞ্চয়পত্রে বিনিয়োগে সুদহার কমিয়ে তাদের আয় সংকুচিত করা হলো। প্রস্তাবে বলা হয়, দেশে ক্রমবর্ধমান দুর্নীতি, অর্থনৈতিক লুটপাট, হাজার হাজার কোটি টাকা বিদেশে পাচারে জড়িতদের বিরুদ্ধে কোন কার্যকর ব্যবস্থা না নিয়ে অর্থমন্ত্রী গরীবের সংসারে হাত দিয়েছেন। বিগত সংসদে সঞ্চয়পত্রের উৎসে কর বাড়ানোর প্রস্তাব করে অর্থমন্ত্রী তার নিজ দলীয় সদস্যদের তোপের মুখে পড়েছিলেন; আর এবার সঞ্চয়পত্রের মুনাফার হার কমানোর বিষয়টি সংসদকে পাশ কাটিয়ে হঠাত করে ঘোষণা দিলেন। সাধারণ মানুষের নিরাপদ বিনিয়োগের ব্যবস্থা সংকুচিত করলে বিভিন্ন ভুইফোঁড় প্রতিষ্ঠান অধিক মুনাফার ফাঁদে ফেলে জনগণকে সর্বস্বান্ত করার সুযোগ নিবে। প্রস্তাবে সঞ্চয়পত্রের মুনাফার হার কমানোর সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়।

সভার অপর প্রস্তাবে, সাংবাদিকদের শীর্ষ সংগঠনগুলোর ১১ জন সাংবাদিক নেতার ব্যাংক হিসাব তলব করার ঘটনায় বিস্ময় প্রকাশ করে বলা হয়, এটি নজিরবিহীন ও অনাকাঙ্ক্ষিত। ব্যাংক হিসাব তলবের মাধ্যমে সাংবাদিকদের নিয়ন্ত্রণে রাখার অপকৌশল নেয়া হয়েছে। সাম্প্রতিক সময়ে গণমাধ্যমে দুর্নীতি ও টাকা পাচারের সংবাদ প্রকাশিত হয়েছে যা ক্ষমতার অংশীজনদের মনঃপুত হয়নি। পার্টির সাধারণ সম্পাদক কমরেড ফজলে হোসেন বাদশা কর্তৃক উত্থাপিত আলোচনায় অংশ নেন কমরেড আনিসুর রহমান মল্লিক, কমরেড সুশান্ত দাস, কমরেড মাহমুদুল হাসান মানিক, কমরেড নূর আহমদ বকুল, কমরেড কামরুল আহসান, কমরেড এনামুল হক এমরান, কমরেড হাজী বশিরুল আলম, কমরেড নজরুল ইসলাম হক্কানী প্রমুখ।

বার্তা প্রেরক


(কামরুল আহসান)